# এনআইবি রিসার্চ ফেলোশিপ নীতিমালা ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৮ মার্চ ২০১০ 'ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি আইন ২০১০' এর গেজেট প্রকাশ করে। পরবর্তীতে ১১ মে ২০১১ 'ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি চাকুরী প্রবিধিমালা (কর্মকর্তা ও কর্মচারী) ২০১১' প্রণয়ন ও জনবল নিয়োগসহ গবেষণা কার্যক্রম শুরু হয়। বর্তমানে এনআইবি'তে জীবপ্রযুক্তির বিভিন্ন শাখায় গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। গবেষণা কার্যক্রমকে আরও গতিশীল করার পাশাপাশি অভিজ্ঞতা সম্পন্ন জীবপ্রযুক্তিবিদগণের অভিজ্ঞতা কাজে লাগানো, উচ্চতর ডিগ্রী প্রাপ্তিতে ছাত্র/ছাত্রীদের গবেষণা ও আর্থিক সহায়তা প্রদান, জীবপ্রযুক্তি বিষয়ে দক্ষ মানব সম্পদ তৈরীতে অবদান রাখাসহ ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে ফেলোশিপ প্রদান করার ব্যাপারে পরিচালনা বোর্ড কর্তৃক নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়। এই উদ্দেশ্য পূরণকল্পে নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হ'ল।

ভিন্ন কিছু উল্লেখ না থাকলে, এই নীতিমালায় ফেলোশিপ বলতে 'এনআইবি রিসার্চ ফেলোশিপ' এবং ফেলো বলতে 'এনআইবি রিসার্চ ফেলো' নির্দেশ করবে। এছাড়া, বোর্ড ও মহাপরিচালক বলতে যথাক্রমে 'এনআইবি পরিচালনা বোর্ড' ও 'এনআইবি মহাপরিচালক' নির্দেশ করবে। অনুরূপভাবে, তত্ত্বাবধায়ক বলতে 'রিসার্চ ফেলোর তত্ত্বাবধানকারী এনআইবি'র গবেষক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা'কে নির্দেশ করবে।

১। **নীতিমালার শিরোনাম:** এনআইবি রিসার্চ ফেলোশিপ নীতিমালা ২০২৩

২। **ফেলোশিপের উদ্দেশ্য**

(ক) কৃষি, স্বাস্থ্য, পরিবেশ ও শিল্প ক্ষেত্রে জীবপ্রযুক্তি বিষয়ে গবেষণার মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়নে অবদান রাখা।

(খ) দেশীয় উপাদান ব্যবহার করে মূল্যবান ও অর্থকরী পণ্য এবং পণ্য উৎপাদনের প্রযুক্তি উদ্ভাবন।

(গ) ক্রমবর্ধমান জনগণের চাহিদা পুরণের নিমিত্ত লাগসই প্রযুক্তি উদ্ভাবন, উন্নয়ন ও বিকাশ সাধন।

(ঘ) জীবপ্রযুক্তি বিষয়ে যোগ্যতা/অভিজ্ঞতাসম্পন্ন (স্নাতক, স্নাতকোত্তর ও ডক্টরেট ডিগ্রিধারী) গবেষকগণের অভিজ্ঞতা দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রমে ব্যবহার।

(ঙ) উচ্চতর ডিগ্রি অর্জনে গবেষকগণকে সহায়তা ও উৎসাহ প্রদান।

(চ) এনআইবি'র মূল লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন।

(ছ) দক্ষ জীবপ্রযুক্তিবিদ তৈরীতে অবদান রাখা।

৩। **ফেলোশিপ প্রদানের ক্ষেত্র**

নির্বাচন কমিটির সুপারিশক্রমে 'জাতীয় জীবপ্রযুক্তি নীতির' কর্মপরিকল্পনা অনুযায়ী এবং/এনআইবিতে চলমান গবেষণা প্রকল্পগুলোর সাথে সঞ্জাতিপূর্ণ যে কোন গবেষণা প্রকল্প প্রস্তাবে ফেলোশিপ প্রদান করা যেতে পারে।

৪। **ফেলোশিপের শ্রেণী ও ভাতা**

(ক) <u>পোস্ট ডক্টরাল ফেলোশিপ</u>

| | |
|---|---|
| সংখ্যা | : ১৫ (পনের)টি |
| মাসিক ভাতা | : টাকা ৬০,০০০/- |
| বার্ষিক আনুষাঙ্গিক ভাতা | : টাকা ১,২০,০০০/- |
| নুন্যতম শিক্ষাগত যোগ্যতা | : জীবপ্রযুক্তি বিষয়ে পিএইচডি ডিগ্রি |



২২/০৫/২০২৩

ড. মো. সলিমুল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গনকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯

বয়স : অনূর্ধ্ব ৪৫ বছর

পোস্ট ডক্টরাল ফেলোশিপের মেয়াদ: প্রাথমিকভাবে এক বৎসরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সর্ম্পকে এনআইবি কর্তৃক গঠিত এতদসংক্রান্ত 'ফেলো নির্বাচন ও মূল্যায়ন কমিটি'র সুপারিশ সাপেক্ষে ফেলোশিপের মেয়াদ পর্যায়ক্রমে এক বছর করে আরো দুই বছর (সর্বমোট তিন বছর) পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে।

(খ) ডক্টরাল ফেলোশিপ

| | |
|---|---|
| সংখ্যা | : ২০ (বিশ) টি |
| মাসিক ভাতা | : টাকা ৪০,০০০/- |
| বার্ষিক আনুষঙ্গিক ভাতা | : টাকা ৮০,০০০/- |
| নুন্যতম শিক্ষাগত যোগ্যতা | : বিশ্ববিদ্যালয়ে পিএইচডি ডিগ্রির জন্য নিবন্ধিত (সুপারভাইজরি টিমে এনআইবি'র একজন বিজ্ঞানী সদস্য হিসেবে অন্তর্ভূক্ত) |
| বয়স | : অনূর্ধ্ব ৪০ বছর |

ডক্টরাল ফেলোশিপের মেয়াদ: প্রাথমিকভাবে এক বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সর্ম্পকে এনআইবি কর্তৃক গঠিত এতদসংক্রান্ত 'ফেলো নির্বাচন ও মূল্যায়ন কমিটি'র সুপারিশ সাপেক্ষে বছর ভিত্তিক নবায়নের মাধ্যমে ফেলোশিপের মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। তবে সাধারণভাবে ফেলোশিপের মোট মেয়াদ কখনও ৪ (চার) বছরের অধিক হবে না। বিশেষ অপরিহার্য ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক ফেলোশিপের মেয়াদ 'ফেলো নির্বাচন ও মূল্যায়ন কমিটি'র সুপারিশ এবং পরিচালনা বোর্ডের অনুমোদন সাপেক্ষে আরো ১ (এক) বছর বৃদ্ধি করা যেতে পারে।

(গ) পোষ্ট গ্রাজুয়েট ফেলোশিপ

| | |
|---|---|
| সংখ্যা | : ৩০ (ত্রিশ)টি |
| মাসিক ভাতা | : টাকা ২৫,০০০/- |
| বার্ষিক আনুষাঙ্গিক ভাতা | : টাকা ৫০,০০০/- |
| নুন্যতম শিক্ষাগত যোগ্যতা | : এমফিল/এমএস/এমএসসি ডিগ্রিধারী অথবা এমফিল অধ্যয়নরত (বিশ্ববিদ্যালয়ে এমফিল ডিগ্রির জন্য নিবন্ধিত এবং সুপারভাইজরি টিমে এনআইবি'র একজন বিজ্ঞানী সদস্য হিসেবে অন্তর্ভূক্ত) |
| বয়স | : অনূর্ধ্ব ৩০ বছর |

পোষ্ট গ্রাজুয়েট ফেলোশিপের মেয়াদ: এমফিল অধ্যয়নরত বা ডিগ্রীধারী ও এমএস/এমএসসি ডিগ্রীধারী প্রার্থীদের প্রাথমিকভাবে ১ (এক) বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সর্ম্পকে 'ফেলো নির্বাচন ও মূল্যায়ন কমিটি'র সুপারিশ সাপেক্ষে ফেলোশিপের মেয়াদ আরো ১ (এক) বছর বৃদ্ধি করা যেতে পারে।

(ঘ) এমএসসি/এমএস থিসিস ফেলোশিপ

| | |
|---|---|
| সংখ্যা | : ১০ (দশ) টি |
| মাসিক ভাতা | : টাকা ১৫,০০০/- |
| নুন্যতম শিক্ষাগত যোগ্যতা | : 'এনআইবি'র এমএস/এমএসসি থিসিস গবেষণা কার্যক্রম পরিচালনার নীতিমালা অনুসারে এনআইবি-তে পূর্ণকালীন |



২২/০৫/২০২৩

ড. মো. সলিমুল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গনকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯

থিসিস অধ্যয়নরত/থিসিস এর জন্য মনোনীত'

বয়স : অনূর্ধ্ব ৩০ বছর

এমএস/এমএসসি থিসিস ফেলোশিপের মেয়াদ: এমএস/এমএসসি থিসিস অধ্যয়নরত প্রার্থীদেরকে প্রাথমিকভাবে ৬ (ছয়) মাসের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সর্ম্পকে 'ফেলো নির্বাচন ও মূল্যায়ন কমিটি'র সুপারিশ সাপেক্ষে ফেলোশিপের মেয়াদ আরো ৬ (ছয়) মাস বৃদ্ধি করা যেতে পারে।

## ৫। ফেলোশিপের জন্য আবেদনের পদ্ধতি

পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি ফেলোশিপের জন্য আবেদনপত্র আহবান করবে। আগ্রহী গবেষক/শিক্ষার্থীগণ নির্ধারিত ছক অনুযায়ী ফেলোশিপের জন্য আবেদন করবেন। আবেদনপত্রের নির্ধারিত ছক/অনলাইন ফরম এনআইবি'র ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। ফেলোশিপের জন্য সরাসরি এনআইবি'র মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে।

## ৬। ফেলোশিপের জন্য আবেদনের অন্যান্য শর্তাবলী

(ক) চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(খ) ডক্টরাল এবং এমফিল ফেলোশিপ-এর ক্ষেত্রে প্রস্তাবিত ডিগ্রির জন্য এনআইবি'র একজন বিজ্ঞানীকে সুপারভাইজার/কো-সুপারভাইজার হিসেবে অন্তর্ভূক্ত করতে হবে।

(গ) বিশেষ ক্ষেত্র ব্যতিত সকল গবেষণা কাজ এনআইবি'র গবেষণাগারে সম্পন্ন করতে হবে।

(ঘ) গবেষণার বিষয় এনআইবি'র সংশ্লিষ্ট বিভাগের গবেষণা কার্যক্রমের/'জাতীয় জীবপ্রযুক্তি নীতি'র কর্মপরিকল্পনার সাথে সংগতিপূর্ণ হতে হবে এবং গবেষণা প্রস্তাব সংশ্লিষ্ট বিভাগের একজন বিজ্ঞানীর সাথে আলোচনার মাধ্যমে স্থির করতে হবে।

(ঙ) শিক্ষা জীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি বা অনুরূপ গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

(চ) এনআইবি'র বিজ্ঞানীগণ কেবলমাত্র ডক্টরাল ফেলোশিপের জন্য আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।

## ৭। ফেলো নির্বাচন পদ্ধতি

প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও গবেষণা প্রস্তাবের মান অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞগণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বায়োটেকনোলজি সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সমন্বয়ে এনআইবি কর্তৃক গঠিত ফেলো নির্বাচন ও মূল্যায়ন কমিটির মাধ্যমে সাক্ষৎকারের ভিত্তিতে ফেলোদের নির্বাচন করা হবে, যা বোর্ড কর্তৃক অনুমোদনের পর কার্যকর হবে। ফেলো নির্বাচন প্রক্রিয়ায় এনআইবি'র সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/কর্মকর্তা/ গবেষকগণ সম্পৃক্ত থাকবেন। ফেলোর সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষেত্রে 'ফেলো নির্বাচন ও মূল্যায়ন কমিটি'র সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

২২/০৫/২০২৩

ড. মো. সলিমুল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গনকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯

৮। **সাধারণ নিয়মাবলী**

(ক) ফেলোকে প্রতি কর্মদিবসেই গবেষণাগারে কাজ করতে হবে।

(খ) তত্ত্বাবধায়ক/বিভাগীয় প্রধানের অনুমোদনক্রমে ফেলোগণকে নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যেতে পারে।

(গ) প্রযোজ্য ক্ষেত্রে, অধ্যয়নরত থাকার কারনে বিশ্ববিদ্যালয়ে ক্লাস/পরীক্ষায় উপস্থিত থাকা প্রয়োজন হলে ফেলোর শিক্ষা প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়কের সুপারিশক্রমে এনআইবি'র সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক এবং বিভাগীয় প্রধান বিশ্ববিদ্যালয়ের রুটিন অনুযায়ী ফেলোকে ক্লাস/পরীক্ষায় উপস্থিত থাকার অনুমতি প্রদান করতে পারবেন।

(ঘ) ফেলোর অননুমোদিত অনুপস্থিতির কারণে তার মাসিক ভাতা থেকে দৈনিক হারে অর্থ কর্তন করা যেতে পারে।

(ঙ) ফেলোর কর্মকান্ড সন্তোষজনক না হলে যে কোন সময় তাঁর ফেলোশিপ ১(এক) মাসের নোটিশে বাতিল করা যাবে।

(চ) গবেষণার বিষয় অথবা ফেলোর তত্ত্বাবধায়ক পরিবর্তিত হলে এনআইবি'র মহাপরিচালকের অনুমোদন সাপেক্ষে ফেলো সংশ্লিষ্ট বিষয়ে গবেষণাগারের নতুন তত্ত্বাবধায়কের অধীনে গবেষণা করতে পারবেন।

(ছ) যুক্তিসংগত কারণে ফেলো ১(এক) মাসের নোটিশে তাঁর ফেলোশিপ ত্যাগ করতে পারবেন।

(জ) মাসিক ভাতা বা আনুসঙ্গিক খরচ বাবদ অর্থ প্রাপ্তির লক্ষ্যে ফেলোগণ নির্ধারিত ফরমে এনআইবি বরাবর বিল দাখিল করবেন। তবে, বিল ফরমে অর্থ প্রদান সম্পর্কে তত্ত্বাবধায়কের সুপারিশ থাকতে হবে। প্রদানযোগ্য বিবেচিত হলে তাঁদের ভাতাদি চেক মারফত ফেলোর ব্যাংক একাউন্ট এর মাধ্যমে পরিশোধ করা হবে।

৯। **ফেলোশিপের মেয়াদ বৃদ্ধির পদ্ধতি**

(ক) ফেলোশিপের আওতায় তাঁর কাজের হালনাগাদ অগ্রগতির বিস্তারিত প্রতিবেদন এবং এ বিষয়ে তত্ত্বাবধায়কের মতামতসহ ফেলো মেয়াদ বৃদ্ধির আবেদন করবেন। ফেলোশিপের মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে ফেলোর বিগত বছরের গবেষণা কাজের মূল্যায়ন এবং তাঁর পরবর্তী বছরের সময় ভিত্তিক কর্মপরিকল্পনা বিবেচনা করা হবে।

(খ) এমএসসি/এমএস থিসিস ফেলোশিপের ক্ষেত্রে ৬ (ছয়) মাস অতিক্রান্ত হওয়ার পর এবং পোস্ট গ্র্যাজুয়েট/এমফিল/ডক্টরাল বা পোস্ট ডক্টরাল ফেলোশিপের ক্ষেত্রে ১ (এক) বছর অতিক্রান্ত হওয়ার পর মেয়াদ বৃদ্ধির জন্য কাজের হালনাগাদ অগ্রগতির উপর ফেলোগণ এনআইবি কর্তৃক গঠিত 'ফেলো নির্বাচন ও মূল্যায়ন কমিটি'র নিকট অগ্রগতি উপস্থাপন করবেন। অগ্রগতি বিবেচনায় প্রযোজ্য ক্ষেত্রে ফেলো নির্বাচন/মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে ফেলোশিপের মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

১০। **ফেলোশিপ নীতিমালা কার্যকর করণের তারিখ**

এনআইবি রিসার্চ ফেলোশিপ নীতিমালা ২০১৮ ও সংশোধিত ২০২১ বাতিল পুর্বক এই নীতিমালা 'এনআইবি রিসার্চ ফেলোশিপ নীতিমালা ২০২৩' ০১/০৬/২০২৩ তারিখ থেকে কার্যকর হবে।

২২/০৫/২০২৩

ড. মো. সলিমুল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গনকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯